

## 💵 কসর ও জমা করে সালাত আদায় সম্পর্কে কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ মুসাফিরের সালাত ও অন্যান্য বিধি-বিধান নিয়ে কিছু প্রশ্নোত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১১ আসরের সালাতকে জুম'আর সালাতের সাথে জমা তথা একত্র করে আদায় করার বিধান কী?

আসরের সালাতকে জুম'আর সালাতের সাথে জমা করা যাবে না। আর জুম'আকে যোহরের উপর কিয়াস করাও শুদ্ধ হবে না। কারণ যোহর ও জুম'আর মধ্যে পার্থক্য বিদ্যমান। সুতরাং মুসাফির যদি জুম'আর সালাত আদায় করে তবে তার জন্য জায়েয নয় তার সাথে আসরকে জমা করে আদায় করা। কারণ নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম থেকে প্রমাণিত হয় নি যে তিনি আসর ও জুম'আকে একত্রে জমা করে আদায় করেছেন। আর ইবাদতের ব্যাপারে মূল হচ্ছে নিষিদ্ধ হওয়া, যতক্ষণ না দলীল-প্রমাণাদিতে তা সাব্যস্ত না হবে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7308

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন